# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## অর্থনীতি প্রথম পত্র

বিষয় কোড : | ১ | ০ | ৯ |

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট

## সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান: ৭০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।]*

১. ★

অর্থব্যবস্থা

(ক)
- বৃহদায়তন উৎপাদন ব্যবস্থা
- শিল্প পুঁজির সাথে ব্যাংক পুঁজির সমন্বয়

(খ)
- আমদানি রপ্তানি সরকারি মালিকানা ও নিয়ন্ত্রণে পরিচালিত হয়
- ভোক্তার সার্বভৌমত্ব

ক. উৎপাদন সম্ভাবনা রেখা কাকে বলে? ১


খ. স্বয়ংক্রীয় মূল্যব্যবস্থা ধারণাটি —ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের 'ক' অংশে যে অর্থব্যবস্থাকে নির্দেশ করা হয়েছে তার ইতিবাচক দিকগুলো ব্যাখ্যা করো। ৩


ঘ. 'ক' অর্থব্যবস্থা অপেক্ষা 'খ' অর্থব্যবস্থা উত্তম" বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

২. ▶




চিত্র-ক




চিত্র-খ

ক. উপযোগ কী? ১

খ. সময়ের পরিবর্তনে যোগানের পরিবর্তন ঘটে —ব্যাখ্যা করো। ২

গ. চিত্র-ক এর আলোকে চাহিদা সমীকরণ নির্ণয় করো। ৩

ঘ. চিত্র-খ এ বিবেচ্য দ্রব্য দুটির সম্পর্কের প্রকৃতি নির্ণয় করো। ৪

৩. ★ কোন দ্রব্যের চাহিদা ও যোগান অপেক্ষক নিম্নরূপ:

$Qd = 9 - 2P$

$Qs = -1 + 3P$

যেখানে Qd = চাহিদার পরিমাণ, Qs = যোগানের পরিমাণ, P = দাম

ক. চাহিদার আয় স্থিতিস্থাপকতা কাকে বলে? ১

খ. বিলাসজাত দ্রব্যের ক্ষেত্রে চাহিদা বিধি কার্যকর হয় না কেন? ২

গ. উদ্দীপকের আলোকে ভারসাম্য দাম ও পরিমাণ নির্ণয় করো। ৩

ঘ. সর্বনিম্ন দাম 1 টাকা ও সর্বোচ্চ দাম 3 টাকা হলে ভারসাম্যের ওপর কী প্রভাব পড়বে —তা ব্যাখ্যা করো। ৪

৪. ▶ রতন মিয়ার কৃষি খামারের উপকরণ ও উৎপাদনের তালিকা নিম্নরূপ:

| জমির পরিমাণ (একর) | শ্রম (জন) | মূলধন (টাকা) | মোট উৎপাদন (কেজি) |
|---|---|---|---|
| ১ | ১ | ১০০০ | ১০০ |
| ১ | ২ | ১০০০ | ১৭৫ |
| ১ | ৩ | ১০০০ | ২২৫ |
| ১ | ৪ | ১০০০ | ২৫০ |


ক. মাত্রাগত উৎপাদন কাকে বলে? ১

খ. প্রান্তিক ব্যয় ও গড় ব্যয় কী সর্বদা একই? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের আলোকে প্রান্তিক উৎপাদন রেখা অঙ্কন করো। ৩

ঘ. উদ্দীপকের প্রদর্শিত উৎপাদন বিধিটি বর্ণিত ক্ষেত্র ব্যতীত আর কোন কোন ক্ষেত্রে প্রযোজ্য? ব্যাখ্যা করো। ৪

৫. ★ চিত্রটি লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও:




https://teachingbd24.com

ক. পূর্ণপ্রতিযোগিতামূলক বাজার কাকে বলে? ১
খ. ডুয়োপলি ও অলিগোপলি বাজারের মধ্যে কী পার্থক্য বিদ্যমান? ২
গ. উদ্দীপকে নির্দেশিত ফার্মটির AC রেখা যদি f বিন্দুর নিচে অবস্থান করত তবে কী ধরনের মুনাফা অর্জন হতো? তা চিত্রের সাহায্যে ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে নির্দেশিত ফার্মটি ক্ষতি স্বীকার করে কেন উৎপাদন চালাবে তা বিশ্লেষণ করো। ৪

৬. ▶ শ্রমের চাহিদা অপেক্ষক $D_1 = 800 - 2w$
শ্রমের যোগান অপেক্ষক $S_1 = 300 + 3w$

ক. শ্রমের দক্ষতা কাকে বলে? ১
খ. শ্রমের যোগান রেখা কেন পশ্চাৎগামী হয়? ২
গ. উদ্দীপকের আলোকে ভারসাম্য মজুরি ও শ্রম নিয়োগের পরিমাণ নির্ণয় করো। ৩
ঘ. 50 টাকা ও 150 টাকা মজুরিতে শ্রম বাজারে কিরূপ পরিস্থিতি হবে? ব্যাখ্যা করো। ৪

৭. ▶ জনাব শফিক একজন অর্থনীতিবিদ, একটি গবেষণায় নিজের দেশে মূলধন গঠনের হার নির্ণয় করতে গিয়ে দেখেন ২০১৬ সালে মোট মূলধনের পরিমাণ ছিল ৪০,০০০ কোটি টাকা যা ২০১৭ সালে বৃদ্ধি পেয়ে হয় ৫০,০০০ কোটি টাকা। অর্থাৎ মূলধন গঠনের হার নিম্ন, অপরদিকে 'X' দেশে গবেষণার কাজে গমন করলে দেখতে পান ওই দেশটিতে মূলধন গঠনের হার অনেক বেশি, মানুষের জীবনযাত্রার মান উঁচু, আর্থ-সামাজিক অবস্থা ভালো।


ক. নিমজ্জিত মূলধন কাকে বলে? ১
খ. মূলধন যোগানের অভ্যন্তরীণ উৎসগুলো কী? ২
গ. শফিক সাহেবের দেশে ওই সময় অবচয়জনিত ব্যয় ৫০০ কোটি টাকা হলে নিট মুলধন বৃদ্ধির হার কত হবে? ৩
ঘ. 'X' দেশে শফিক সাহেবের দেশের তুলনায় মূলধন গঠনের হার কেন বেশি উদ্দীপকের আলোকে ব্যাখ্যা করো। ৪

৮. ▶ রাকিব তার বাবার পেনশনের টাকা থেকে ৫ লক্ষ টাকা নিয়ে একটি ব্যবসা শুরু করে। প্রথম পর্যায় ব্যবসা খুব ভালো চললেও পরবর্তীতে পুঁজির সংকট, অসীম দায়বদ্ধতার কারণে কারবার বন্ধ করতে বাধ্য হয়। অপর দিকে, তারই বন্ধু রতন আরও ৪ জন বন্ধুকে নিয়ে যে কারবার গড়ে তোলে সেই ব্যবসা প্রতিষ্ঠানটিরও স্থায়িত্ব কম আর মতবিরোধ থাকায় কারবার পরিচালনায় সমস্যার সম্মুখীন হতে হয়।


ক. স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান কী? ১
খ. সংগঠককে শিল্পাধিনায়ক বলা হয় কেন? ২
গ. রাকিবের ব্যবসা প্রতিষ্ঠানের ধরন ব্যাখ্যা করো। ৩
ঘ. রাকিব ও তার বন্ধুদের গড়ে তোলা কারবার অপেক্ষা কেন যৌথ মূলধনী কারবার অধিক উত্তম? যুক্তি দাও। ৪

https://teachingbd24.com

৯. ▶




চিত্র: ১




চিত্র: ২

ক. অনুপার্জিত আয় কী? ১
খ. অবস্থানগত পার্থক্যের কারণে খাজনা দেয়া হয়? ২
গ. চিত্র-২ এর সাহায্যে নিম খাজনা নির্ণয় করো। ৩
ঘ. চিত্র-১ ও চিত্র-২ হতে প্রাপ্ত খাজনা দ্বয়ের মধ্যে পার্থক্য নিরূপণ করো। ৪

১০. ★ বাংলাদেশে ২০১৮ সালে ভোগ ব্যয় (C), বিনিয়োগ ব্যয় (I) এবং সরকারি ব্যয় (G) ছিল যথাক্রমে ৮০ হাজার ৫০ কোটি টাকা, ৫০ হাজার কোটি টাকা এবং ৩০ হাজার ২০০ কোটি টাকা।

ক. স্বয়ম্ভূত ভোগ কী? ১
খ. সঞ্চয় ও বিনিয়োগের মধ্যে পার্থক্য নির্দেশ কর। ২
গ. বন্ধ অর্থনীতিতে সামগ্রিক ব্যয় কত হবে তা উদ্দীপকের আলোকে নির্ণয় করো। ৩
ঘ. যদি সরকারি ব্যয় ৬০ হাজার কোটি টাকা বৃদ্ধি পায় তাহলে ভারসাম্য জাতীয় আয়ের উপর কী প্রভাব পড়বে চিত্রের সাহায্যে উপস্থাপন করো। ৪

১১. ▶ 'A' দেশে মোট অর্থের যোগান ২৫০০ ডলার, অর্থের প্রচলন গতি ২ এবং মোট লেনদেনকৃত দ্রব্যের পরিমাণ ১০০। দেশটিতে দ্রব্যমূল্যের উর্ধ্বগতি থাকা সত্ত্বেও দেশটির বাণিজ্যিক ব্যাংক সম্প্রসারণ মূলক ঋণনীতি অনুসরণ করে যা অর্থনীতি তথা জনগণের ওপর বিরূপ প্রভাব ফেলে।

ক. অনলাইন ব্যাংকিং কী? ১
খ. অর্থের ফটকা কারবার চাহিদা ধারণাটি ব্যাখ্যা করো। ২
গ. দেশটির দামস্তর ও অর্থের মূল্য উদ্দীপকের আলোকে নির্ণয় করো। ৩
ঘ. "বাণিজ্যিক ব্যাংকের এরূপ নীতি প্রতিরোধে কেন্দ্রীয় ব্যাংকের পরিমাণগত ঋণনিয়ন্ত্রণ পদ্ধতি বেশি কার্যকরী ভূমিকা পালন করে" —ব্যাখ্যা করো। ৪

Teachingbd24.com

https://teachingbd24.com


সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০ বিষয় কোড: ১ ০ ৯

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. "মানুষ বাছাই করতে বাধ্য হয় বলে অর্থনৈতিক সমস্যা দেখা দেয়"—উক্তিটি কার?
ক) বেনহাম খ) মার্শাল
গ) কেইন্স ঘ) রিকার্ডো

২. ইসলামি অর্থনীতির উৎস কয়টি?
ক) ২টি খ) ৩টি
গ) ৪টি ঘ) ৫টি

**চিত্রটি লক্ষ্য কর এবং ৩নং প্রশ্নের উত্তর দাও:**




৩. প্রদত্ত চিত্র অনুযায়ী মূলধন নিবিড় উৎপাদন কৌশল কোনটি?
ক) $OK_1/OL_1$ খ) $OK_1/OK_2$
গ) $OK_2/OL_2$ ঘ) $OK_1/OL_2$

৪. D = a – bP অপেক্ষকের ছেদকের মান কীরূপ হয়?
ক) ঋণাত্মক খ) ধনাত্মক
গ) অসীম ঘ) শূন্য


৫. একটি দ্রব্যের দাম ২০ টাকা থেকে ১৮ টাকা হলে এর যোগান ২৫০ একক থেকে কমে ২০০ একক হয়। উক্ত দ্রব্যের যোগান স্থিতিস্থাপকতা কত?
ক) ১ খ) ২
গ) ২.৫ ঘ) ৫.২

৬. কোন ব্যক্তির আয় ১০০০ টাকা তখন দ্রব্যের চাহিদা ২০ একক, আয় বেড়ে ২০০০ টাকা হলে উক্ত দ্রব্যের চাহিদা হয় ১০ একক, দ্রব্যটি কীরূপ?
ক) সাধারণ দ্রব্য খ) নিকৃষ্ট দ্রব্য
গ) ভেবলেন দ্রব্য ঘ) পরিবর্তক দ্রব্য

৭. সামষ্টিক অর্থনীতির চলক নয় কোনটি?
ক) সামগ্রিক ভোগ
খ) জাতীয় আয়
গ) একটি ফার্মের উৎপাদন
ঘ) সাধারণ মূল্যস্তর

৮. স্বল্পকালে কীসের সমষ্টিতে SAC রেখা 'U' আকৃতির হয়?
ক) AVC + TFC খ) AFC + AVC
গ) AC + AVC ঘ) AFC + TC


**চিত্রটি লক্ষ কর এবং ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও:**




৯. উদ্দীপক অনুযায়ী মোট আয় কত হবে?
ক) ৩০ খ) ৫০
গ) ১৫০ ঘ) ২০০

১০. চিত্রটি দ্বারা ব্যাখ্যা করা যায়—
i. স্বল্পকালীন বাজার ভারসাম্য
ii. পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে ফার্মের ক্ষতি
iii. একচেটিয়া বাজারে ফার্মের মুনাফা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

**চিত্রটি লক্ষ কর এবং ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও:**




১১. উপরের চিত্রটি কোন উৎপাদন বিধির সাথে সামঞ্জস্যপূর্ণ?
ক) স্থির মাত্রাগত উৎপাদন বিধি
খ) ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদন বিধি
গ) ক্রমবর্ধমান প্রান্তিক উৎপাদন বিধি
ঘ) ক্রমহ্রাসমান মাত্রাগত উৎপাদন বিধি

১২. অপূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে—
i. বিক্রয় বৃদ্ধির সাথে সাথে প্রান্তিক আয় হ্রাস পায়
ii. গড় আয় রেখা প্রান্তিক আয়ের নিচে অবস্থান করে
iii. প্রান্তিক আয় রেখা গড় আয় রেখার নিচে অবস্থান করে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

১৩. একচেটিয়া প্রতিযোগিতামূলক বাজারের দ্রব্যের প্রকৃতি হলো—
i. রং, গন্ধ আলাদা
ii. সদৃশ কিন্তু পৃথকীকৃত
iii. সমজাতীয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

১৪. সমজাতীয় দ্রব্য ও সেবা উৎপাদনকারী কোনো একক প্রতিষ্ঠানকে বলে—
ক) যৌথ মূলধনী কারবার
খ) অংশীদারি কারবার
গ) শিল্প
ঘ) ফার্ম

Teachingbd24.com

১৫. ★ $S_L = f\left(\frac{(w)}{p}\right)$ এখানে, w স্থির থেকে p এর মান বাড়লে—
ক) শ্রমিকের যোগান বাড়বে
খ) শ্রমিকের চাহিদা কমবে
গ) শ্রমিকের যোগান কমবে
ঘ) শ্রমিকের যোগান স্থির থাকবে

১৬. বিভিন্ন পেশায় মজুরি হার বিভিন্ন রকম হয় যে কারণে—
i. যোগ্যতার তারতম্য
ii. দক্ষতার পার্থক্য
iii. শিক্ষাগত যোগ্যতার পার্থক্য
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) ii ও iii
গ) i ও iii  ঘ) i, ii ও iii

১৭. টিনা কুটির শিল্প থেকে যন্ত্র কারখানায় চাকরি গ্রহণ করলে তা কি ধরনের গতিশীলতা হবে?
ক) পেশাগত  খ) ভৌগোলিক
গ) শিল্পগত  ঘ) স্তরগত

১৮. কোনটি নিমজ্জমান মূলধন?
ক) বাড়ি  খ) কাঁচামাল
গ) রেলপথ  ঘ) বিদ্যুৎ

১৯. মূলধন গঠনে কোন উপাদানটি বেশি ভূমিকা রাখে?
ক) উৎপাদন  খ) সঞ্চয়
গ) বিনিয়োগ  ঘ) সুদের হার


**নিচের উদ্দীপকটি পড়ে ২০ ও ২১নং প্রশ্নের উত্তর দাও:**
তিন বন্ধু সমঝোতার ভিত্তিতে X নামক একটি প্রতিষ্ঠান গড়ে তোলে ব্যবসা শুরু করে। তবে তাদের ব্যবসায় প্রতিষ্ঠানে আইনের বাধ্যবাধকতা না থাকায় অনেকক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণে সমস্যা হয় বিধায় পরবর্তীতে তারা নতুন করে Y কোম্পানী নামক প্রতিষ্ঠান গড়ে তোলে। এ ধরনের কারবার ১৭ শ শতাব্দীতে প্রথম চালু হয়।

২০. তিন বন্ধুর গড়ে তোলা X ব্যবসায়ের ধরন কীরূপ ছিল?
ক) পাবলিক লিমিটেড কোম্পানী
খ) প্রাইভেট লিমিটেড কোম্পানী
গ) যৌথমূলধনী কারবার
ঘ) অংশীদারী কারবার

২১. পরবর্তীতে গড়ে তোলা Y প্রতিষ্ঠানটির বৈশিষ্ট্য হল—
i. অধিকস্থিতিস্থাপক হয়
ii. শেয়ার বিক্রি করে মূলধন গঠন করা যায়
iii. সংরক্ষিত তহবিল সৃষ্টি করে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) ii ও iii
গ) i ও iii  ঘ) i, ii ও iii

২২. "কর্ম ও কর্মীর মধ্যে সামঞ্জস্যপূর্ণ পারস্পরিক সম্পর্ককে সংগঠন বলে"—উক্তিটি কার?
ক) অধ্যাপক হ্যানি  খ) মার্শাল
গ) এডাম স্মিথ  ঘ) মিল ওয়ার্ড

**চিত্রটি লক্ষ কর এবং ২৩নং প্রশ্নের উত্তর দাও:**




২৩. প্রদত্ত চিত্রে স্থানান্তর আয়ের পরিমাণ কত?
ক) OS  খ) $SW_0E_0$
গ) $OSE_0Q_0$  ঘ) $OW_0E_0Q_0$

২৪. মূলধনের বৈশিষ্ট্য নয় কোনটি?
ক) সঞ্চয়ের ফল  খ) উৎপাদনশীল
গ) দীর্ঘস্থায়ী  ঘ) নিষ্ক্রিয়

২৫. সঞ্চয় অপেক্ষক $S = -50 + 0.5Y$-এবং স্বয়ম্ভূত বিনিয়োগ $I = 100$ হলে ভারসাম্য জাতীয় আয় কত?
ক) ২০০  খ) ৩০০
গ) ৪০০  ঘ) ১৫০

২৬. স্বল্পকালীন ভোগ অপেক্ষক কোনটি?
ক) $S + y - AE$  খ) $Y = C + I$
গ) $C = a + bY$  ঘ) $C = bY$

২৭. ★ প্রান্তিক ভোগ প্রবণতা কমলে, আয় বৃদ্ধির ফলে—
i. বিনিয়োগের পরিমাণ বাড়বে
ii. ভোগ কমবে
iii. মূলধন গঠন বেশি হবে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) ii ও iii
গ) i ও iii  ঘ) i, ii ও iii

২৮. আধুনিক ব্যাংকিং সেবা প্রদানের ক্ষেত্রে কোনটি এগিয়ে?
ক) মোবাইল ব্যাংকিং
খ) চিরায়িত ব্যাংকিং
গ) সন্ধ্যাকালীন ব্যাংকিং
ঘ) ই-ব্যাংকিং

**নিচের উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও:**
কোন অর্থনীতিতে M = ১০০, V = ৫,
M′ = ১০০, V′ = ৫, T = ২০

২৯. ★ উক্ত অর্থনীতিতে দামস্তর কত?
ক) ২৫  খ) ৫০
গ) ৭৫  ঘ) ১০০

৩০. ★ অর্থের পরিমাণ দ্বিগুণ হলে—
i. অর্থের মূল্য হবে ০.০০৫
ii. দামস্তর হবে দ্বিগুণ
iii. $V_m$ রেখা হবে নিম্নগামী
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) ii ও iii
গ) i ও iii  ঘ) i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | গ | ৩ | ক | ৪ | খ | ৫ | খ | ৬ | খ | ৭ | গ | ৮ | খ | ৯ | গ | ১০ | ক | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | ক | ১৪ | ঘ | ১৫ | গ |
| | ১৬ | ঘ | ১৭ | গ | ১৮ | গ | ১৯ | খ | ২০ | ঘ | ২১ | ঘ | ২২ | ঘ | ২৩ | গ | ২৪ | গ | ২৫ | খ | ২৬ | গ | ২৭ | গ | ২৮ | ঘ | ২৯ | খ | ৩০ | খ |

https://teachingbd24.com